

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ / ০২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৮২-আইন/২০১৬/৭৫৮-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে, ধারা ৬(৪) এর সহিত পঠিতব্য, জাতীয় রাজস্ব বোর্ড মৌসুমী ইটভাটা মূল্য সংযোজন কর বিধিমালা, ২০০৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ৬ এর উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(৪) উক্ত প্রতিষ্ঠান উপ-বিধি (৩) এর অধীন নিরূপিত কর ট্রেজারী চালানোর মাধ্যমে নিম্নরূপ তিন কিস্তিতে সরকারি কোষাগারে জমা প্রদান করিবে, যথা:-

(ক) ৩১ শে ডিসেম্বরের মধ্যে নিরূপিত করের ৪০ শতাংশ;

(খ) ১৫ই ফেব্রুয়ারীর মধ্যে নিরূপিত করের ৪০ শতাংশ; এবং

(গ) ৩১ শে মার্চের মধ্যে নিরূপিত করের ২০ শতাংশ।” ;

(২) বিধি ৯ এর উপ-বিধি (১) এ বর্ণিত “অন্যন সমপরিমাণ বা অনূর্ধ্ব দেড় গুণ পরিমাণ” শব্দগুলির পরিবর্তে “অন্যন অর্ধেক বা অনূর্ধ্ব সমপরিমাণ” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)

চেয়ারম্যান